দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 11 APR 2017
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬

# বৈশাখী ভাতার দাবিতে শিক্ষকদের অবরোধ আজ

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি চাকরিজীবীদের মতো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরাও উৎসব ভাতা হিসেবে বৈশাখী ভাতা প্রদানের দাবি করেছেন। ইতোমধ্যে বিভিন্ন শিক্ষক সংগঠন মানববন্ধন কর্মসূচিও পালন করেছেন। শিক্ষক নেতারা বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ব্যাপারে সরকারের রয়েছে উদাসীনতা।

সম্প্রতি বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মার্চ মাসের সরকারি বেতন-ভাতার অংশ প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে সার্কুলার জারি করা হয়। কিন্তু এতে বৈশাখী ভাতা প্রদানের ঘোষণা না থাকায় সারাদেশের পাঁচ লাখ বেসরকারি শিক্ষক-কর্মচারীরা ক্ষোভে ফুঁসছে।

শিক্ষকরা বলেন, বাঙালির জাতীয় উৎস পহেলা বৈশাখ। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য বৈশাখী ভাতা ঘোষণা দেওয়া হলেও পাঁচ লক্ষ বেসরকারি-কর্মচারীরা আজো বঞ্চিত। শিক্ষার ৯৫ শতাংশ দায়িত্বে নিয়োজিত বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক-কর্মচারীদের বাদ দিয়ে শিক্ষার উন্নয়ন সম্ভব নয় বলে মনে করেন শিক্ষকরা।

বৈশাখী ভাতা দাবিতে আজ মঙ্গলবার বেলা ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনারে এবং প্রতি জেলায় শহীদ মিনারে বেসরকারি স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের দুই ঘন্টা অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করবে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ফ্রন্ট।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর